রেজিঃ কেএন-৫২৪
বর্ষ-১১.সংখ্যা ৩১৩
ঝালকাঠি সোমবার
৯ ফেব্রুয়ারি ২০২৬ ইং
২৬ মাঘ ১৪৩২ বাংলা
২০ শাবান ১৪৪৭ হিজরী
পৃষ্ঠা ৪, মূল্য ৫.০০ টাকা

দৈনিক পূর্বাশা

**১২ তারিখ দেশ পুনর্গঠনের নির্বাচন**

নিজস্ব প্রতিবেদক



বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারম্যান ও ঢাকা-১৭ আসনের প্রার্থী তারেক রহমান বলেছেন, আগামী ১২ তারিখের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন শুধু ভোট দেওয়ার মধ্যে সীমাবদ্ধ থাকলে চলবে না। একদিকে হবে দেশ পুনর্গঠন ও মানুষের ভাগ্য পরিবর্তনের নির্বাচন। রোববার ঢাকা-১৫ আসনের মিরপুর সেনপাড়া আদর্শ উচ্চ বিদ্যালয় মাঠে নির্বাচনী গণসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

## সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫' এর আলোকে ঝালকাঠি জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র. নং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন | শূন্য ডিলার ইউনিট, সার ডিলার এর কার্য এলাকা (ওয়ার্ড নং উল্লেখ সহ) |
|---|---|---|---|
| ০১ | ঝালকাঠি সদর | গাভা-রামচন্দ্রপুর | ১) পুনিঘাটা বাজার, কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ২) পূজাবর হাট, কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | বিনয়কাঠি | ৩) মানপাশা বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | নবগ্রাম | ৪) বাউকাঠি বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | কেওড়া | ৫) নৈকাঠি বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৬) সারেংগল বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | কীর্তিপাশা | ৭) ভুনাবিয়া বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ৮) কীর্তিপাশা বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | বাসন্ডা | ৯) চৌপালী বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ১০) আগরবাড়ি বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | পোনাবালিয়া | ১১) পোনাবালিয়া বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ১২) বেউথী বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ১৩) নররাজা বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | গাবখান-ধানসিঁড়ি | ১৪) ভাটারাকান্দা বাজার, কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ১৫) ছত্রকান্দা বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ১৬) গাবখান বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | শেখেরহাট | ১৭) শেখেরহাট বাজার, কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ১৮) গুয়াটন বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | নথুল্লাবাদ | ১৯) বীরকাঠী বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ২০) চাকলা বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | পৌরসভা | ২১) কিফাইতনগর বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| ০২ | নলছিটি | ভৈরবপাশা | ২২) প্রতাপ বাজার, কার্যএলাকা- ১, ২ ও ৬ নং ওয়ার্ড |
| | | মগড় | ২৩) কাঠিপাড়া বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৭ নং ওয়ার্ড |
| | | | ২৪) রাজাপুর বাজার,কার্যএলাকা- ৬, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | কুলকাঠি | ২৫) বাতিলা বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ২৬) আবরপাড়া বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | রানাপাশা | ২৭) টৈকুনবাড়িয়া বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | | ২৮) নতুন হাট বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | সুবিদপুর | ২৯) তালতলা বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৩০) নলবুনিয়া বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | | ৩১) পূর্ব সোনরা বাজার, কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | কুশংগল | ৩২) সরমহল,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৩৩) সুবিদা বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | সিদ্ধকাঠী | ৩৪) চন্দ্রকান্দা,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | দপদপিয়া | ৩৫) ভুরকাঠি (শিমুলতলা) বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৩৬) কাঠের ঘাট বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | নাচনমহল | ৩৭) টেকেরহাট বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ৩৮) নাচনমহল বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৩৯) ভবানীপুর বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | মোল্লারহাট | ৪০) বৈশাখিয়া বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৪১) ভাতানি বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | পৌরসভা | ৪২) নাসুলি বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| ০৩ | রাজাপুর | সাতুরিয়া | ৪৩) টেকাঠি বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ৪৪) সেপুবুনিয়া বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৪৫) আমতলা বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | শুক্তাগড় | ৪৬) কেওতা মাদ্রাসা বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ৪৭) পিংরী ক্লাব,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৪৮) মোল্লার হাট,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | রাজাপুর | ৪৯) সত্যনগর হাট,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৫০) বিশ্বাসবাড়ি,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | গালুয়া | ৫১) নলবুনিয়া বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৫২) বাঁধের হাট (পুটিয়াখালী বন্দর),কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | বড়ইয়া | ৫৩) পশ্চিম কাফাখোলা, (বাঁধের হাট ব্রিজ),কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ৫৪) উত্তমপুর বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৫৫) বড়ইয়া বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | মঠবাড়ি | ৫৬ কাপড়ী বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ৫৭) বাদুরতলা হাট,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৫৮) জহরলেকের মঠ পাড়া,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| ০৪ | কাঠালিয়া | চেঁচরীরামপুর | ৫৯) তালগাছিয়া লোহাখালী,কার্যএলাকা- ১, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের আংশিকের |
| | | | ৬০) জোয়াপোল বাজার,কার্যএলাকা- ২, ৪ ও ৫ নং ওয়ার্ড |
| | | পাটিখালঘাটা | ৬১) তারাবুনিয়া বাজার,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ৬২) পাটিখালঘাটা বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | আমুয়া | ৬৩) আমুয়া বাসস্ট্যান্ড,কার্যএলাকা- ১, ২ ও ৩ নং ওয়ার্ড |
| | | | ৬৪) বালতলা বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | কাঠালিয়া সদর | ৬৫) বটতলা বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৬৬) আমুরীবুনিয়া বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | শৌলজালিয়া | ৬৭) বিনাপানি বাজার,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৬৮) সেন্টারের হাট,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |
| | | আওরাবুনিয়া | ৬৯) কাকরের হাট,কার্যএলাকা- ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড |
| | | | ৭০) আওরাবুনিয়া বাজার,কার্যএলাকা- ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড |

**শর্তাবলী:**

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

**(গ) যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভার বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সাথে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না।

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে।

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে।

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে।

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে।

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে।

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

**(ঘ) অযোগ্যতা:**

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন।

২. কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না।

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অন্য কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে।

(ঙ) একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:**

(১) ২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।

(২) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ঝালকাঠি এর কার্যালয়ে জমা প্রদান করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মো. [illegible]
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, ঝালকাঠি